

## মুরগির গামবোরো রোগ নিয়ন্ত্রণ

### ভূমিকা

ইনফেকশাস বারসাল ডিজিজ বা গামবোরো প্রধানত ৩-৬ সপ্তাহ বয়সের মুরগির বাচ্চার একটি মারাত্মক ভাইরাসজনিত সংক্রামক রোগ। মার্কিন যুক্তরাষ্ট্রের ডেলোয়ারি স্টেটের গামবোরো নামক স্থানে ১৯৫৭ সালে প্রথম এই রোগটি সাবক্লিনিক্যাল অবস্থায় দেখা দেয়। পরবর্তীতে আশির দশকের প্রথমে আমেরিকা এবং ইউরোপের পোল্ট্রি খামারে এ রোগ মারাত্মক আকারে দেখা দেয়। ১৯৯২ সালে রোগটিকে প্রথম বাংলাদেশে সনাক্ত করা হয় এবং তারপর হতে প্রতিবছর পোল্ট্রি খামারে এ রোগের কারণে ব্যাপক ক্ষতি হচ্ছে। এ রোগে মৃত্যুর হার শতকরা ২০-৯০ ভাগ পর্যন্ত হতে পারে। গামবোরো রোগ দুই ভাবে খামারের ক্ষতি করে থাকে।



প্রথমত মুরগির ব্যাপক মৃত্যু ঘটিয়ে এবং দ্বিতীয়ত মারাত্মকভাবে মুরগির রোগ প্রতিরোধ ক্ষমতা উৎপন্নকারী অঙ্গসমূহ বিনষ্ট করে। ফলে আক্রান্ত মুরগি পরবর্তীতে রাণীক্ষেত, কক্সিডিওসিস, সালমোনে লোসিস ও কলিবেসিলোসিসসহ অন্যান্য রোগে আক্রান্ত হয়। বছরের যে কোনো সময় এ রোগ দেখা দিতে পারে, তবে আবহাওয়ার যে কোনো পরিবর্তনের ফলে যখন মুরগি পীড়নজনিত সমস্যায় ভোগে তখন এ রোগের প্রাদুর্ভাব বেশি দেখা যায়। এ রোগ প্রতিকারের জন্য ফলপ্রসূ কোনো চিকিৎসা নাই, তবে জৈব নিরাপত্তা এবং সঠিক সময়ে গুণগত মানসম্পন্ন টিকা প্রয়োগ করে সহজেই রোগ প্রতিরোধ করা যায়। খামারিগণ আমদানিকৃত বিভিন্ন ধরনের গামবোরো টিকা ব্যবহার করে আসছেন। তথ্যানুসন্ধানে দেখা যায় টিকা ব্যবহারের পরও কোন কোন ক্ষেত্রে এ রোগের প্রাদুর্ভাবে মুরগি মারা যাচ্ছে এবং খামারিগণ ক্ষতিগ্রস্ত হচ্ছে। টিকা ব্যবহারের পরও খামারে কখনও কখনো গামবোরো রোগ দেখা দেয় এর কারণগুলো নিম্নরূপঃ



### (ক) টিকা ব্যবস্থাপনা ও ব্যবহারজনিত সমস্যা

- ❖ সঠিক তাপমাত্রায় টিকা সংরক্ষণ করা না হলে,
- ❖ সঠিক মাত্রায় টিকা প্রয়োগ করা না হলে,
- ❖ মাতৃপক্ষীয় রোগ প্রতিরোধ ক্ষমতা থাকা অবস্থায় টিকা প্রদান করা হলে,
- ❖ টিকার গুণগতমান ঠিক না থাকলে,
- ❖ টিকা প্রদানকারীর ব্যবহারিক জ্ঞানের অভাব থাকলে।



### (খ) মুরগির শারীরিক সমস্যা

- ❖ টিকার জীবপুর সাথে মুরগির দেহের প্রতিরোধ ব্যবস্থা সংবেদনশীল না হলে,
- ❖ বাচ্চা নিম্নমানের হলে,
- ❖ একই ব্যাচে বিভিন্ন মাত্রার মাতৃপক্ষীয় এন্টিবডি থাকলে,
- ❖ মাত্রাতিরিক্ত এন্টিবায়োটিক বিশেষ করে উচ্চ ক্ষমতাসম্পন্ন এন্টিবায়োটিক মাত্রাতিরিক্ত ব্যবহার করা হলে তা মুরগির বেড়ে ওঠার পথে এবং রোগ প্রতিরোধ ক্ষমতা সৃষ্টিতে বাধা হয়ে দাঁড়ায়,



